দৈনিক ইনকিলাব

FEB. 24 1999

পৃষ্ঠা ৩ কলাম ২

# প্রস্তাবিত শিক্ষানীতি যে কোন মূল্যে রুখে দাঁড়ানোর আহবান

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট নেতৃবৃন্দ অভিযোগ করেছেন– চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে বর্তমানে কোন গণতান্ত্রিক পরিবেশ নেই। দুর্নীতি, অনিয়ম ও অব্যবস্থাপনার মধ্যে শিক্ষা ও প্রশাসন চলছে । এছাড়া নীতি ও আদর্শ বিবর্জিত ছাত্রসংগঠনগুলোর সন্ত্রাসী কর্মকাণ্ডের কারণে গণতান্ত্রিক পরিবেশ মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে।

চাকসুতে এক সাংবাদিক সম্মেলনে এই অভিযোগ করা হয়। এতে লিখিত বক্তব্য পাঠ করেন ফ্রন্টনেতা নূরুচ্ছফা জুলহাজ। বিভিন্ন প্রশ্নের জবাব দেন সংগঠনের সভাপতি খোকন দাস। পঠিত বক্তব্যে নেতৃবৃন্দ প্রফেসর শামসুল হক কমিশনের প্রস্তাবিত জাতীয় শিক্ষানীতি যে কোন মূল্যে রুখে দাঁড়ানোর আহবান জানান। তারা বলেন, খুদা কমিশনের আলোকে এই শিক্ষানীতি প্রণীত হয়েছে। এতে ছাত্র সমাজের ১০ দফা ও জাতির আশা আকাংক্ষা উপেক্ষিত হয়েছে। প্রস্তাবিত শিক্ষানীতি দরিদ্র ছাত্রছাত্রীদের শিক্ষার অধিকার বঞ্চিত করবে। এই শিক্ষানীতি প্রতিহত করা উচিত। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে পরিবেশ পরিষদ গঠন, সন্ত্রাসীদের গ্রেফতার ও সকল হত্যাকাণ্ডের বিচারসহ তারা ৬ দফা দাবী উত্থাপন করেন।